

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৮৭

১/ বিবিধ

আরবী

لما أسري بالنبي صلى الله عليه وسلم إلى السماء السابعة قال له جبريل: رويدا فإن ربك يصلي! قال: وهو يصلي؟ قال: نعم. قال: وما يقول؟ قال: يقول: سبوح قدوس رب الملائكة والروح، سبقت رحمتي غضبي
منكر

أورده ابن الجوزي في "الموضوعات" (1/119) من طريق محمد بن يحيى الحفار: حدثنا سعيد بن يحيى الأموي: حدثني أبي عن ابن جرير عن عطاء قال: فذكره، وقال ابن الجوزي: "رجالہ ثقات، موقوف علی عطاء، فلعله سمعه ممن لا يوثق به، ولا يثبت
مثل

هذا بهذا

قلت: وتعقبه السيوطي في "اللآلي" (1/22) فقال: "قلت: قال في "الميزان": "محمد بن يحيى الحفار لا يدرى من ذا" وأورد له هذا الحديث وقال: "هذا منكر" انتهى. لكن رأيت له طريقا آخر

قلت: ثم ساقه السيوطي من رواية ابن نصر بإسناد صحيح عن ابن جريج عن عطاء: بلغني أن النبي صلى الله عليه وسلم لما أسري به.. الحديث نحوه، وليس فيه "إن ربك يصلي" وهو الشيء المستنكر في الحديث

وأنا أقول: إن إعلال الحديث بعننة ابن جريج أولى من إعلاله بإرسال عطاء له، ذلك لأن الإرسال وإن كان علة قائمة بنفسها كافية في تضعيف الحديث، فإن ابن جريج كان يدلس عن الضعفاء والمتروكين، ولذلك قال الإمام أحمد: " بعض هذه الأحاديث التي كان يرسلها ابن جريج أحاديث موضوعة، كان ابن جريج لا يبالي من أين يأخذها "، كما سبق نقله مرارا
ثم ذكر السيوطي للحديث شاهدا من حديث أبي هريرة، وهو الذي قبله، وقد ذكرت هناك علته، وقد روي بلفظ آخر وهو: (الاتي)

বাংলা

১৩৮৭। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে যখন সপ্তম আসমানের উদ্দেশ্যে ভ্রমণ করানো হয়েছিল তখন জিবরীল তাকে বললেনঃ আপনি অপেক্ষা করুন। কারণ আপনার প্রতিপালক সালাত আদায় করছেন। (রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তিনি সালাত আদায় করেন? তিনি বললেনঃ হ্যাঁ। (রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তিনি কী বলেন? তিনি বললেনঃ সুব্বুহন কুদ্দুসুন রব্বুল মালাইকাতি অর রুহ সাবাকাত রহমতী গাযাবী।

হাদীসটি মুনকার।

হাদীসটি ইবনুল জাওয়ী “আলমওয়য়াত” গ্রন্থে (১/১১৯) মুহাম্মাদ ইবনু ইয়াহইয়া হাফফার সূত্রে সাঈদ ইবনু ইয়াহইয়া উমাবী হতে, তিনি তার পিতা হতে, তিনি ইবনু জুরায়েজ হতে, তিনি আতা হতে, তিনি বলেনঃ ...।

ইবনুল জাওয়ী বলেনঃ বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। তবে আতা হতে মওকুফ হিসেবে বর্ণিত হয়েছে। সম্ভবত তিনি এরূপ ব্যক্তি থেকে শুনেছেন যার উপর নির্ভর করা যায় না। এরূপ হাদীস এরূপ ব্যক্তির দ্বারা সাব্যস্ত হয় না।

আমি (আলবানী) বলছিঃ সুযুতী "আললাআলী" গ্রন্থে (১/২২) বলেনঃ হাফিয যাহাবী "আলমীযান" গ্রন্থে বলেনঃ বর্ণনাকারী মুহাম্মাদ ইবনু ইয়াহইয়া হাফফার কে তা জানা যায় না। তিনি তার এ হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ এটি মুনকার। কিন্তু আমি এর অন্য একটি সূত্র পেয়েছি।

আমি (আলবানী) বলছিঃ সুযুতী ইবনু নাসরের বর্ণনায় ইবনু জুরায়েজ সূত্রে আতা হতে (মুরসাল হিসেবে) রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। যার মধ্যে নেই যে, “আপনার প্রতিপালক” সালাত আদায় করছেন।” এটি হাদীসের মধ্যে মুনকার।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটি ইবনু জুরায়েজ কর্তৃক আন আন করে বর্ণনাকৃত হওয়ার দ্বারাই সমস্যা বর্ণনা

করা বেশী উত্তম আতা কর্তৃক মুরসাল হিসেবে সমস্যা বর্ণনা করার চেয়ে। কারণ, মুরসাল হওয়াটা যদিও হাদীসটি দুর্বল হওয়ার কারণ হিসেবে যথেষ্ট তবুও এখানে বিশেষভাবে উল্লেখযোগ্য যে, ইবনু জুরায়েজ দুর্বল এবং মাতরূক বর্ণনাকারীদের থেকে তাদলীস করতেন। আর এ কারণেই ইমাম আহমাদ বলেছেনঃ ইবনু জুরায়েজের এসব হাদীসগুলোর কতিপয় হাদীস যেগুলোকে তিনি মুরাসল হিসেবে বর্ণনা করতেন সেগুলো বানোয়াট। তিনি এগুলো কোথা থেকে গ্রহণ করছেন সে ব্যাপারে কোন পরওয়া করতেন না।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72266>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন